# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 15-04-2025** **Time: 7.35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) বিপুল উৎসাহ ও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ১৪৩২ বঙ্গাব্দের আবাহনে মেতেছে গোটা বাংলা। নতুন উদ্দীপনা নতুন স্বপ্ন নিয়ে নবারম্ভের মন্ত্রে সূচিত হচ্ছে আজ পয়লা বৈশাখ।

রাজ্য সরকারের পক্ষ থেকে আজ বাংলা দিবস পালন করা হবে। দোকান ও নানা ব্যবসায়ী প্রতিষ্ঠানে হালখাতার পাশাপাশি ময়দানের বিভিন্ন ক্লাবে বার পুজোর আয়োজন করা হয়েছে।

২) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রাজ্যের বর্তমান পরিস্থিতিতে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার ওপর জোর দিয়েছেন। বিজেপি মুর্শিদাবাদের ঘটনায় রাজ্যপালের হস্তক্ষেপ দাবি করেছে।

এদিকে ক্রমে স্বাভাবিক হচ্ছে মুর্শিদাবাদের পরিস্থিতি।

৩) মাটির ট্রাক্টর চাপা পড়ে এক বালকের মৃত্যুর ঘটনায় অগ্নিগর্ভ বাসন্তীর নফরগঞ্জ এলাকা।

৪) চাকরি হারানো শিক্ষকদের একাংশ আগামী বৃহস্পতিবার নিজাম প্যালেস স্থিত এস এস সি দপ্তর অভিযান করবেন।

৫) আইপিএল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, পাঞ্জাব কিংসের বিরুদ্ধে খেলবে।

---

বিপুল উৎসাহ উদ্দীপনা ও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ১৪৩২ বঙ্গাব্দের আবাহনে মেতেছে গোটা বাংলা। বিভিন্ন দোকান ও ব্যবসায়ী প্রতিষ্ঠানে আজ হালখাতার জন্য লক্ষ্মী ও সিদ্ধিদাতা গণেশ পুজোর আয়োজন করা হয়েছে। নতুন উদ্দীপনা নতুন স্বপ্ন নিয়ে নবারম্ভের মন্ত্রে সূচিত হচ্ছে আজ পয়লা বৈশাখ। আকাশবানী কলকাতা সংবাদ বিভাগের একটি প্রতিবেদন।

(ভিসি- কাশফিন)

এদিকে, রাজ্য সরকার এবং অন্যান্য প্রতিষ্ঠানের পক্ষ থেকেও আজ আয়োজন করা হয়েছে একাধিক অনুষ্ঠানের। আমাদের প্রতিনিধি জানাচ্ছেন,

(ভিসি- অভিরূপ)

অন্যদিকে, দক্ষিনেশ্বরে ভবতারিনী, কালিঘাট সহ রাজ্যের অন্যান্য প্রসিদ্ধ মন্দিরগুলিতে সকাল থেকেই ভক্তদের ভীড়। চলছে পুজার্চনা।

প্রতি বছরের মতো এবারেও পয়লা বৈশাখ মোহনবাগান, ইষ্টবেঙ্গলসহ বিভিন্ন ক্লাবে প্রথা মাফিক বার পুজোর আয়োজন করা হয়েছে। এজন্য কলকাতা ময়দানের ক্লাবগুলিকে সাজিয়ে তোলা হয়েছে।

এদিকে, আইএসএল লিগ- শিল্ড ও কাপ জয়ী মোহনবাগান ক্লাবে সমর্থকদের মধ্যে ব্যাপক উন্মাদনা র সৃষ্টি হয়েছে। আজ লিগ - শিল্ড ও কাপ ছাড়া কলকাতা হকি

লিগে চ্যাম্পিয়ন ট্রফি মাঠে রাখা হবে। বারপুজোর পর উত্তোলন করা হবে ক্লাব পতাকা।

---------------------

বৃহত্ শিল্প স্থাপনের ক্ষেত্রে নানা সুযোগ সুবিধা দিতে রাজ্য সরকার নতুন ভারী শিল্পনীতি আনতে চলেছে। শিল্প মহলের সঙ্গে আলোচনার পর তাদের পরামর্শ মেনেই এই নতুন নীতি প্রণয়ন করা হবে। বিধানসভার গত বাজেটে অধিবেশনে রাজ্য সরকার অধুনা অপ্রাসঙ্গিক হয়ে পড়া ভারী শিল্পের উৎসাহ নীতি সংক্রান্ত প্রকল্প প্রত্যাহার করতে বিল পাশ করিয়েছিল।

আগামী ১৭ এপ্রিল রাজ্য শিল্পোন্নয়ন নিগম, বিভিন্ন বণিকসভার কর্তাদের সঙ্গে বৈঠকে বসতে চলেছে । যুগোপযোগী বিনিয়োগ বান্ধব শিল্পনীতি তৈরির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে বৈঠকে আলোচনা হবে। ভারী শিল্পের পাশাপাশি তথ্য-প্রযুক্তি সংস্থাগুলির সর্বভারতীয় সংগঠন ন্যাসকমকেও আলোচনার জন্য ডাকা হয়েছে। নতুন শিল্পনীতিতে আর্থিক সহায়তা বা ইনসেন্টিভের বিষয়ে ওই বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হতে পারে।

---------------------

রাজ্যের বর্তমান পরিস্থিতিতে সরকার সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার ওপর জোর দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকালে কালীঘাটে নবনির্মিত স্কাই ওয়াক, হকার্স কর্নার ও নতুন সাজে সজ্জিত কালীঘাট মন্দিরের উদ্বোধন করে বলেন, শান্তিপূর্ণ ভাবে গণতান্ত্রিক আন্দোলন করার অধিকার সবার আছে। কিন্তু আইন হাতে তুলে নেওয়ার তীব্র বিরোধিতা করেন তিনি।

বাইট মমতা

এদিকে, ওয়াকফ সংশোধনী আইন নিয়ে রাজ্যে বিক্ষোভ আন্দোলনের জেরে উদ্ভূত পরিস্থিত ক্রমে স্বাভাবিক হচ্ছে।

বিজেপি, মুর্শিদাবাদের ঘটনায় রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, রাজ্যপাল সি ভি আনন্দ বোসকে লেখা এক চিঠিতে যাবতীয় ঘটনার উল্লেখ করে অবিলম্বে সিদ্ধান্তমূলক পদক্ষেপ নেওয়ার আর্জি জানান। তিনি বলেন, এই ঘটনা শুধুমাত্র আইন শৃঙ্খলার সমস্যা নয়, এ এক মানবিক সংকট।

এর আগে, শ্রী মজুমদার গতকাল মালদার বৈষ্ণবনগরে বিভিন্ন স্কুলে আশ্রয় নেওয়া আক্রান্তদের সঙ্গে দেখা করেন। সেখান থেকে যান সম্প্রতি অশান্ত হয়ে ওঠা মোথাবাড়িতে। তিনি এই ঘটনার জন্য শাসকদলের ভূমিকার সমালোচনা করেন।

বাইট সুকান্ত

অন্যদিকে, উপদ্রুত এলাকায় পুলিশের তরফে পরিস্থিতি স্বাভাবিক করার সম্পূর্ণ চেষ্টা হচ্ছে। এলাকায় চলছে কেন্দ্রীয় বাহিনী, বিএসএফ ও প্রশিক্ষিত র‍্যাফের টহল। ঘরছাড়াদের বাড়ি ফিরিয়ে আনার কাজ শুরু হয়েছে। ফের চালু করা হচ্ছে ইন্টারনেট পরিষেবা। সাধারণ মানুষকে সচেতন থাকার বার্তা দিয়েছেন পুলিশ কর্তারা। গতকাল বিএসএফ-এর পূর্বাঞ্চলীয় কম্যান্ডের এডিজি রবি গান্ধী রাজ্য পুলিশের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। কেন্দ্র ও রাজ্য যৌথভাবে জেলায় শান্তি ফেরাতে কাজ করছে বলে শ্রী গান্ধী সাংবাদিকদের জানান।

বাইট রবি গান্ধী

উল্লেখ্য, ওয়াকফ আইনের প্রতিবাদে সংঘর্ষের পাশাপাশি সামশেরগঞ্জের জাফরাবাদে নিহত হন  বাবা ও ছেলে। সুতির কাশিমনগরে এক যুবকেরও মৃত্যু হয়। গতকাল নিহতদের বাড়ি যান সি পি আই এমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম,

মীনাক্ষী মুখার্জি সহ বাম নেতারা। আজ দুপুরে সামশেরগঞ্জে যাবেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী।

এদিকে অশান্তির ঘটনায় গ্রেপ্তারের সংখ্যা ২০০ ছাড়িয়েছে। মোতায়েন করা হয়েছে ১৮ কম্পানি কেন্দ্রীয় বাহিনী।

---------------------

সংশোধিত ওয়াকফ আইনের বিরোধিতা করে গতকাল দক্ষিণ ২৪ পরগণার ভাঙড় উত্তপ্ত হয়ে ওঠে। আইএসএফ-এর পক্ষ থেকে মিছিল করে কলকাতার রামলীলা ময়দানে যাওয়ার সময় পুলিশ বাধা দিলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

অন্যদিকে, সোনপুরে প্রতিবাদ বিক্ষোভ চলাকালীন পুলিশের একাধিক গাড়ি ও বাইক ভাঙচুর ও অগ্নি সংযোগ করা হয়। ইটের আঘাতে ৯ পুলিশকর্মী আহত হন। তবে কলকাতা পুলিশের পক্ষ থেকে প্রেস বিবৃতি দিয়ে জানানো হয়েছে, ভাঙড়ের পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে। সরকারি সম্পত্তি ভাঙচুরের ঘটনায় জড়িত দুষ্কৃতীদের বিরুদ্ধে সুনির্দিষ্ট ধারায় মামলা দায়ের করা হয়েছে এবং তাদের গ্রেপ্তারের জন্য তল্লাশি অভিযান চলছে।

---------------------

মাটির ট্রাক্টর চাপা পড়ে এক বালকের মৃত্যুর ঘটনায় অগ্নিগর্ভ দক্ষিণ ২৪ পরগণার বাসন্তীর নফরগঞ্জ এলাকা। জানা গেছে, গতকাল দুপুরে রাস্তা পার হওয়ার সময় বাড়ির সামনেই মাটি বোঝাই একটি ট্রাক্টরে চাপা পড়ে বছর দশেকের কুন্তল মন্ডল। খবর পেয়ে স্থানীয় বাসিন্দারা গাড়িটিকে ঘিরে ফেলে ভাঙচুর শুরু করে। লাগিয়ে দেওয়া হয় আগুন। গাড়ির চালক কোনোমতে পালিয়ে একটি দোকানে আশ্রয় নেয়। ঘটনাস্থলে ঝড়খালি কোস্টাল থানার পুলিশ গেলে তাদের ঘিরেও শুরু হয় বিক্ষোভ। পুলিশের গাড়ি

ভাঙচুড় কোরে বেশ কয়েকজন পুলিশ কর্মীকে মারধর করা হয় বলে অভিযোগ। এই ঘটনায় প্রশাসনিক গাফিলতির অভিযোগ তুলেছেন বাসিন্দারা। দেহ তুলতে গেলে দফায় দফায় বিক্ষোভের মুখে পড়তে হয় পুলিশকে। প্রায় ৭ ঘন্টা পর দেহটি উদ্ধার করে পুলিশ ময়নাতদন্তে পাঠায়। চালকের খোঁজে শুরু হয়েছে তল্লাশি।

--------------------

OMR শিটের হাতে পাওয়ার দাবিতে আগামী বৃহস্পতিবার নিজাম প্যালেসে স্থিত এস এস সি দপ্তর অভিযান করবেন চাকরি হারানো শিক্ষকদের একাংশ। তাঁদের সংগঠনের তরফে সুমন বিশ্বাস জানান, ২০১৬-র পরীক্ষার্থীদের অনেকেই OMR শিট হাতে পান নি। যাতে তা অবিলম্বে পাওয়া যায়, সেই ব্যবস্থা নেওয়া হচ্ছে।

উল্লেখ্য চাকরি ফিরে পাওয়া, যোগ্য ও অযোগ্যদের তালিকা প্রকাশ এবং ওএমআর সিটের মিরর ইমেজ প্রকাশ করার দাবিতে অনশন শুরু করেছিলেন চাকরিহারাদের একাংশ। গত রবিবার এই কর্মসূচী আপাতত স্থগিত রাখার কথা ঘোষণা করেন তাঁরা।

--------------------

চণ্ডীগড় এ আজ আইপিএলের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, পাঞ্জাব কিংসের বিরূদ্ধে খেলবে। খেলা শুরু হবে সান্ধ্য সাড়ে সাতটায়। ৬ ম্যাচে ৬ পয়েন্ট নিয়ে কে কে আর পয়েন্ট তালিকার পঞ্চম স্থানে আছে। ষষ্ঠ স্থানে থাকা পাঞ্জাবের পয়েন্ট ছয়।

-------------------- --------------------